অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/3/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

শ্রম দিবসের ছুটির উইকএন্ডে ভ্রমণের সময় গাড়িচালকদের সিটবেল্ট বেঁধে ও নিরাপদে গাড়ি চালানোর কথা স্মরণ করিয়ে দিয়েছেন গভর্নর হোচুল

ছুটির উইকএন্ডে রাস্তা ও সেতুর নির্মাণকাজ স্থগিত রাখার ঘোষণা

অনেক বেশি যানবাহন থাকবে বলে ধারণা করা হচ্ছে

ভ্রমণ সহজ করতে নির্মাণকাজের কারণে রাস্তা বন্ধ রাখা সীমিত করা হয়েছে

গাড়ি চালকদের গতি কমানোর জন্য ও রাস্তার পাশের জরুরি ও রক্ষণাবেক্ষণ যানবাহনের জন্য পথ ছেড়ে দেয়ার জন্য অনুরোধ করা হয়েছে

নিউ ইয়র্কের সিটবেল্ট পরার নিয়ম মানার উচ্চ হার বিদ্যমান রয়েছে

গভর্নর ক্যাথি হোচুল গাড়ি চালকদের দীর্ঘ ছুটির দিনের উইকএন্ড উপভোগ করার জন্য সড়কপথে চলাচলের সময় সিটবেল্ট বেঁধে ও নিরাপদে গাড়ি চালানোর জন্য, ও শিশুদেরকে গাড়িতে যথাযথ চাইল্ড সিটে বসানো নিশ্চিত করার বিষয়টি স্মরণ করিয়ে দিয়েছেন। AAA এর ভাষ্যমতে, যানবাহনের সংখ্যা 2020 সালের তুলনায় বৃদ্ধি পেয়েছে এবং শ্রম দিবসব্যাপী এই উচ্চ মাত্রা বিদ্যমান থাকবে বলে ধারণা করা হচ্ছে।

গভর্নর আরো ঘোষণা করেছেন যে, শ্রম দিবসের ছুটির উইকএন্ডব্যাপী ভ্রমণ সহজতর করতে 3 সেপ্টেম্বর, শুক্রবার সকাল 6টা থেকে 7 সেপ্টেম্বর, মঙ্গলবার সকাল 6টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট হাইওয়ের সড়ক ও সেতু নির্মাণ প্রকল্পগুলোর জন্য সাময়িকভাবে রাস্তা বন্ধ রাখা স্থগিত থাকবে। গাড়ি চালকদের সচেতন থাকতে হবে যে স্থায়ী কংক্রিটের ব্যারিয়ারের পিছনে অথবা জরুরি মেরামতের জন্য কিছু কাজ অব্যাহত থাকতে পারে। নির্মাণকাজ স্থগিত করার বিষয়টি নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট (Drivers First) উদ্যোগের সাথে সঙ্গতিপূর্ণ যা সড়ক ও সেতুর কাজ চলার কারণে যানবাহন আটকে থাকা ও ভ্রমণে বিলম্ব হওয়া কমাতে গাড়ি চালকদের সুবিধার ব্যাপারে অগ্রাধিকার দিয়ে থাকে।

"গ্রীষ্মকাল শেষ হয়ে আসায় অনেক পরিবার সড়কপথে ভ্রমণে বের হচ্ছে, তাই আমাদের রাস্তাগুলোতে স্বাভাবিক সময়ের চেয়ে যানবাহন বেশি থাকবে," **বলেছেন গভর্নর হোচুল।** "গাড়ি চালকদের অগ্রিম পরিকল্পনা করতে হবে এবং তারা ও তাদের যাত্রীরা যথাসম্ভব নিরাপদ থাকার বিষয়টি নিশ্চিত করতে সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আমরা চাই সবাই যাতে

সুখময় স্মৃতি নিয়ে নিরাপদে ও হাসিখুশিভাবে শ্রম দিবসের উইকএন্ড অতিবাহিত করতে পারেন এবং অপ্রয়োজনীয় ট্র্যাজেডির কারণে যাতে কারো ছুটির দিন নষ্ট না হয়। অনুগ্রহ করে যানবাহনের নিরাপত্তা সংক্রান্ত সকল রীতি ও আইন-কানুন মেনে চলুন, রক্ষণাবেক্ষণকারী ও জরুরি যানবাহনের জন্য রাস্তা ছেড়ে দিন, আপনার ফোন নামিয়ে রাখুন, ও নেশামুক্ত অবস্থায় গাড়ি চালান।"

গভর্নর গাড়ি চালকদের স্টেটের রাস্তা ছেড়ে দেয়ার আইন অনুসরণ করার কথা মনে করিয়ে দিয়েছেন, যে আইন অনুযায়ী গাড়ি চালকদের জন্য স্টেটজুড়ে রাস্তাগুলোতে থেমে থাকা আইন প্রয়োগকারী সংস্থার যানবাহন, ফায়ার ট্রাক, অ্যাম্বুলেন্স, টো ট্রাক ও নির্মাণকাজ বা রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত যানবাহনের জন্য গতি কমিয়ে রাস্তা ছেড়ে দেয়া আবশ্যক।

স্টেট হাইওয়ে সংলগ্ন টেক্সট স্টপ, পার্ক-ও-রাইড ফ্যাসিলিটি, বিশ্রামের স্টপ, সার্ভিসের জায়গা ও পার্কিংয়ের জায়গাগুলো গাড়ি চালানোর সময় মনোযোগে বিঘ্ন ঘটা কমিয়ে আনার জন্য স্টেটের প্রচেষ্টায় সহায়তা করে। সব টেক্সট স্টপ খোলা থাকবে, যেখানে গাড়ি চালকরা কল করা, টেক্সট পাঠানো, নেভিগেট করা ও মোবাইল অ্যাপ অ্যাক্সেস করার জন্য নিরাপদে ও সুবিধাজনক উপায়ে তাদের ফোন ও অন্যান্য মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারবেন। গাড়ি চালানোর সময়ে টেক্সট পাঠানো বিশেষভাবে বিপজ্জনক, কারণ এর জন্য চালককে রাস্তা থেকে চোখ, হুইল থেকে হাত ও গাড়ি চালানো থেকে মনোযোগ সরাতে হয়।

জাতীয় হাইওয়ে যানবাহন নিরাপত্তা প্রশাসন (National Highway Traffic Safety Administration) এর তথ্যমতে একটি যাত্রীবাহী গাড়ির সামনের সিটে সিটবেল্ট পরা থাকলে তা মৃত্যুর ঝুঁকি 45 শতাংশ ও গুরুতরভাবে আহত হওয়ার ঝুঁকি 50 শতাংশ কমাতে পারে। NHTSA এর ডাটা অনুযায়ী, জাতীয় পর্যায়ে সিটবেল্ট ব্যবহারের হার 90 শতাংশ। নিউ ইয়র্কে গত দশকব্যাপী সিটবেল্ট পরার নিয়ম মানার হার 90 শতাংশের উপরে রয়েছে।

গাড়িতে ভ্রমণকারী শিশুদেরকে বসানোর জন্য যথাযথ চাইল্ড সিট ব্যবহারের জন্য গভর্নর হোচুল গাড়ি চালকদের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন। GTSC-এর শিশু যাত্রীর নিরাপত্তা কর্মসূচির (Child Passenger Safety Program) অংশ হিসেবে স্টেটের ও স্থানীয় পুলিশ সংস্থাগুলো, বিভিন্ন কমিউনিটি নিরাপত্তা অংশীদারদের সাথে মিলে বছরব্যাপী শিশু যাত্রীদের নিরাপত্তা বিষয়ক সনদপ্রাপ্ত টেকনিশিয়ানদের দিয়ে বিনামূল্যে চাইল্ড কার সিট পরিদর্শন সুবিধা প্রদান করে থাকে। GTSC-এর ওয়েবসাইটে নিরাপদ চাইল্ড সিট সংক্রান্ত ইভেন্টগুলোর একটি তালিকা রক্ষণাবেক্ষণ করা হয়। 1 নভেম্বর, 2020 তারিখের তথ্য অনুযায়ী, যাত্রীবাহী যানবাহনে ভ্রমণকারী সবাইকে, বসার অবস্থান নির্বিশেষে, সিটবেল্ট পরতে হবে অথবা নিরাপদ চাইল্ড সিটে যথাযথভাবে বসানো থাকতে হবে।

নিউ ইয়র্ক স্টেট মোটর যান বিভাগের (Department of Motor Vehicles) কমিশনার এবং গভর্নরের নিউ ইয়র্ক ট্রাফিক নিরাপত্তা কমিটির সভাপতি মার্ক জে. এফ. শ্রোয়েডার বলেন, "গ্রীষ্মকালের শেষে আর একবার অ্যাডভেঞ্চারের জন্য সড়কে নামার সময় আমি গাড়ি চালকদের প্রতি এই ভ্রমণপিয়াসী উইকএন্ডব্যাপী নিরাপদে গাড়ি চালানোর জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। মনোযোগ বিক্ষিপ্ত হয় এমন বিষয়গুলো থেকে বিরত থাকুন, জরুরি যানবাহনকে রাস্তা ছেড়ে দিন, মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালাবেন না এবং মাতাল

অবস্থায় কখনোই গাড়ি চালাবেন না। গাড়ি চালক ও যাত্রীরা যা করতে পারেন তার মধ্যে অন্যতম সর্বোচ্চ গুরুত্বপূর্ণ একটি কাজ হলো সিটবেল্ট লাগানো, কারণ গবেষণায় দেখা গেছে যে সঠিক নিয়মে সিটবেল্ট পরা মোটরগাড়ির দুর্ঘটনায় নিজেকে সুরক্ষিত রাখার একক সর্বোচ্চ কার্যকর উপায়। আমি আনন্দিত যে নিউ ইয়র্কবাসীদের বিশাল একটি অংশ সিটবেল্ট পরা অব্যাহত রেখেছেন।"

স্টেটের পরিবহন বিভাগের (Department of Transportation) কমিশনার ম্যারি থেরেস ডমিংগুয়েজ বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট উদ্যোগ নিউ ইয়র্কবাসীদেরকে ন্যূনতম বিঘ্নতার মধ্য দিয়ে তাদের ছুটি কাটানোর গন্তব্যে পৌঁছাতে সাহায্য করে। আমাদের সড়কপথে ভ্রমণের সময় অনুগ্রহ করে নিরাপদে ভ্রমণ করতে থাকতে ভুলবেন না, গাড়ি চালানোর সময় টেক্সট করবেন না, আপনার সিটবেল্ট পরুন ও সতর্ক থাকুন। অনুগ্রহ করে ওয়ার্ক জোনের সাইনগুলো মেনে চলুন এবং সড়কের কর্মী ও জরুরি কাজে নিয়োজিত যানবাহনের জন্য পথ ছেড়ে দিন, আমাদের DOT পরিবারও তাদের পরিবারের সাথে সময় উপভোগ করতে নিরাপদে বাড়ি ফেরার অধিকারী।"

নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ যে ড্রিসকল বলেন, "নির্মাণকাজের জন্য রাস্তা বন্ধ রাখা স্থগিত করায় এই শ্রম দিবসের উইকএন্ডে ভ্রমণকারী গাড়ি চালকদেরকে অপেক্ষাকৃত কম বিলম্বের শিকার হতে হবে এবং তারা আরো দ্রুত তাদের গন্তব্যস্থলে পৌঁছাতে পারবেন। আমরা গাড়ি চালকদের মনে করিয়ে দিতে চাই যে সার্ভিস এলাকা পুনর্নির্মাণ প্রকল্পের কারণে সংস্কারকাজের জন্য থ্রুওয়ে সংলগ্ন 10টি সার্ভিস এলাকা বন্ধ রয়েছে, তাই অনুগ্রহ করে সে অনুযায়ী আপনার যাত্রাবিরতি সম্পর্কে পরিকল্পনা করে রাখুন। সব জায়গায় জ্বালানি পরিষেবা খোলা থাকবে, এবং একই দিকে ভ্রমণের সময় পর পর দুইটি পরিষেবা এলাকা বন্ধ থাকবে না। আমরা আশা করি সব নিউ ইয়র্কবাসী নিরাপদে ও আনন্দের সাথে শ্রম দিবস পালন করতে পারবেন।"

স্টেটের পুলিশ সুপারিন্টেডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "যদিও ছুটির উইকএন্ডের জন্য সড়কের কাজ স্থগিত রাখাটা যানবাহনের বিলম্ব এড়ানো সহজতর করবে, গাড়ি চালকদের মনে করিয়ে দেয়া হচ্ছে যে সবার নিরাপদে গন্তব্যে পৌঁছানো নিশ্চিত করতে তাদেরকে নিজেদের দায়িত্বটুকু পালন করতে হবে। অনুগ্রহ করে পোস্ট করা গতিসীমা মেনে চলুন, স্মার্ট ফোন সরিয়ে রাখুন, সিটবেল্ট পরুন, এবং মনোযোগী ও সতর্ক থাকুন। উইকএন্ডব্যাপী স্টেট ট্রুপারদের অধিক হারে দায়িত্ব পালন করতে দেখা যাবে এবং সব সময়ের মতোই বেপরোয়াভাবে গাড়ি চালানো ব্যক্তিদের জন্য জিরো টলারেন্স নীতি প্রয়োগ করা হবে।"

এছাড়াও ভ্রমণের আগে অগ্রিম পরিকল্পনা করা এবং দুর্ঘটনা, গাড়ি নষ্ট হওয়া বা অন্যান্য জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুত থাকার গুরুত্বের উপর গভর্নর বিশেষ জোর দিয়েছেন। ভ্রমণের উদ্দেশ্যে রওয়ানা হওয়ার আগে রুটিন রক্ষণাবেক্ষণ যেমন টিউন-আপ, তেল বদলানো, ব্যাটারি চেক করা, ও টায়ার রোটেশন, ইত্যাদি সম্পন্ন করুন, এবং আপনার সাথে জরুরি সরবরাহ যেমন একটি ফার্স্ট এইড কিট, ফ্ল্যাশলাইট ও জাম্পার ক্যাবল থাকার বিষয়টি নিশ্চিত করুন। নির্ধারিত সময়ের আগেই আপনার রুট সম্পর্কে পরিকল্পনা করে রাখা, আবহাওয়া, রাস্তার অবস্থা ও যানবাহন চেক করে নেয়া, এবং আপনার রুট ও পৌঁছানোর প্রত্যাশিত সময় সম্পর্কে অন্যদেরকে জানিয়ে রাখা একটি ভালো আইডিয়া।

এছাড়াও গাড়ির মালিকদের ভ্রমণের আগে তাদের গাড়ি রিকল করা হয়েছে কিনা ও মেরামতের প্রয়োজন রয়েছে কিনা তা চেক করে নেয়া উচিত। NHTSA-এর VIN লুকআপ টুল আপনাকে একটি গাড়ির শনাক্তকরণ নম্বর (VIN) প্রবেশ করিয়ে কোনো সুনির্দিষ্ট গাড়ি গত 15 বছরের মধ্যে নিরাপদে ফিরিয়ে নেয়ার অংশ হিসেবে মেরামত করা হয়েছে কিনা তা চেক করার সুযোগ দেয়। আপনি ইমেইলে রিকল অ্যালার্ট পাওয়ার জন্যেও সাইন-আপ করতে পারেন।

গাড়ি চালকরা হয়তো মদ্যপান করতে পারেন এমন কোনো অনুষ্ঠান থেকে নিরাপদে বাড়ি ফেরার উপায় খুঁজে নিতে হ্যাভ এ প্ল্যান অ্যাপটি ব্যবহার করার জন্য যানবাহন বিভাগ (Department of Motor Vehicles) অনুরোধ জানাচ্ছে। গভর্নরের যানবাহন সংক্রান্ত নিরাপত্তা কমিটি ও NYS STOP-DWI ফাউন্ডেশন এর পক্ষ থেকে বিনামূল্যে প্রদান করা এই অ্যাপটি ব্যবহারকারীদেরকে একজন গাড়ি চালক মনোনীত করার, ট্যাক্সি কল করার অথবা রাইড শেয়ার ব্যবহার করার, এবং মাতাল অবস্থায় গাড়ি চালানোর পরিণতি পর্যালোচনা করার সুযোগ দেয়। এমনকি ব্যবহারকারীরা এই অ্যাপ ব্যবহার করে মাতাল বা নেশাগ্রস্ত গাড়ি চালক সম্পর্কে রিপোর্টও করতে পারেন। এই অ্যাপ অ্যাপল (Apple), অ্যান্ড্রয়েড (Android) ও উইন্ডোজ (Windows) স্মার্ট ফোনের জন্য পাওয়া যাচ্ছে।

DMV-কে ফেসবুকে (Facebook) , টুইটারে (Twitter) ও ইনস্টাগ্রামে (Instagram)অনুসরণ করুন।

ভ্রমণকারীরা ভ্রমণের আগে 5-1-1 এ কল করে, 511 ওয়েবসাইটে ভিজিট করে, অথবা আইটিউনস (iTunes) বা গুগল প্লে (Google Play) থেকে বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করে NYSDOT-এর 511NY চেক করে নিতে পারেন। এই বিনামূল্যের পরিষেবা ব্যবহারকারীদেরকে রাস্তার অবস্থা চেক করা, 2219টি ট্রাফিক ক্যামেরার দৃশ্য দেখা এবং বিমান ও ট্রানজিটের তথ্যের সাথে সংযোগ করার সুযোগ দেয়। এই অ্যাপে ড্রাইভ মোড রয়েছে যা একজন ব্যবহারকারীকে গাড়ি চালানোর সময় বেছে নেয়া রুটের জন্য দুর্ঘটনা ও নির্মাণকাজ সম্পর্কে শ্রবণযোগ্য অ্যালার্টের মাধ্যমে সতর্ক করে দেয়।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT এবং ফেসবুকে (Facebook) নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation)-কে অনুসরণ করুন।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে।

থ্রুওয়ে অথরিটিকে অনুসরণ করুন টুইটারে: @NYSThruway ও ফেসবুকে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি অথবা থ্রুওয়ের ফ্রি মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন